দৈনিক ইত্তেফাক

৫৮

তারিখ ... ... 12 NOV 1988
পৃষ্ঠা ... ... ২ ... কলাম ... ২ ...

# সরকার ও জাতীয় পার্টি ছাত্রদের রাজনীতিতে জড়িত করিবে না

## —এরশাদ

প্রেসিডেন্ট এরশাদ গতকাল (শনিবার) পুনরুল্লেখ করিয়াছেন যে, তাঁহার সরকার এবং জাতীয় পার্টি কখনই ছাত্রদের রাজনীতিতে জড়িত করিবে না। তিনি গতকাল

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

### এরশাদ

(১ম পৃঃ পর)

আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরদের নিয়মিত মাসিক বৈঠকে এ-কথা বলেন। প্রেসিডেন্ট বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর। প্রেসিডেন্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল সংসদের নির্বাচিত কর্মকর্তাদের সাথে তাঁহার সাম্প্রতিক

(২য় পৃঃ দ্রঃ)

### এরশাদ

(১ম পৃঃ পর)

সফল বৈঠকের উল্লেখ করিয়া বলেন, তাহারা ছাত্রদের বিভিন্ন সমস্যা লইয়া আলোচনা করেন। প্রেসিডেন্ট এরশাদ বলেন, যেহেতু তিনি বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর সেই কারণে বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা শিক্ষাগত সমস্যা লইয়া আলোচনার জন্য তাঁহার সাথে অবাধে সাক্ষাৎ করিতে পারে। প্রেসিডেন্ট বলেন, সরকার ছাত্রদের প্রকৃত–শিক্ষাগত ও অন্যান্য সমস্যা সমাধানে আগ্রহী। তিনি সুস্পষ্টভাবে বলেন, তাহার সরকার অথবা জাতীয় পার্টির ছাত্রফ্রন্ট রাখার কোন ইচ্ছা নাই। প্রেসিডেন্ট ছাত্রদের স্কলারশীপ ও ষ্টাইপেণ্ডের অর্থ বৃদ্ধির প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি এ ব্যাপারে সুপারিশ করার জন্য অতিরিক্ত শিক্ষা সচিবকে লইয়া এক সদস্যের কমিটি নিযুক্ত করেন। বৈঠকের প্রাক্কালে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিরাজমান পরিস্থিতি প্রেসিডেন্টকে অবহিত করেন। শিক্ষামন্ত্রী বলেন, ভাইস চ্যান্সেলরদের সাথে মাসিক বৈঠক শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ সৃষ্টিতে খুবই সহায়ক হইয়াছে। বৈঠকে সিদ্ধান্ত হয় যে, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত কলেজগুলির গভর্নিংবডির চেয়ারম্যান সরকারের অনুমোদন লইয়া নিযুক্ত করিতে হইবে। সরকার এবং কলেজ গভর্নিং বডির মধ্যকার সমন্বয় আরও ভালভাবে নিশ্চিত করার জন্য এই সিদ্ধান্ত লওয়া হয়।

সকল বিশ্ববিদ্যালয়ের জন্য একটি অভিন্ন ছুটির তালিকা প্রণয়নের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ও জাতীয় অধ্যাপক সৈয়দ আলী আহসানের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হইয়াছে। ইহার ফলে অপ্রয়োজনীয় ছুটি পরিহার এবং অধিক সংখ্যক শিক্ষা দিবস পাওয়া যাইবে। ফলে বিশ্ববিদ্যালয়সমূহের সেশনজট নিরসনেরও সুযোগ সৃষ্টি হইবে। বৈঠকে বলা হয় ইতিপূর্বেকার সিদ্ধান্ত অনুযায়ী পর্যায়ক্রমে ডিগ্রী পরীক্ষার কেন্দ্র জেলা সদরে স্থানান্তরের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে তৎপর হইতে হইবে। এসময় শিক্ষাপ্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী, প্রেসিডেন্টের মুখ্যসচিব এ এইচ সাদিক এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান উপস্থিত ছিলেন।